দৈনিক ইত্তেফাক 25

তারিখ SEP. 1 4 1999
পৃষ্ঠা ৮ কলাম ১

# রাঙ্গামাটিতে সাক্ষরতা দিবস পালন

রাঙ্গামাটি সংবাদদাতা ॥ বর্ণাঢ্য র‍্যালী, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়া রাঙ্গামাটিতে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত হইয়াছে।

উপ-আনুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তরের উদ্যোগে উক্ত কর্মসূচী পালিত হইয়াছে।

গত ৮ সেপ্টেম্বর রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ প্রাঙ্গণ হইতে শিশু-কিশোরদের র‍্যালীর মাধ্যমে কর্মসূচী শুরু হয়।

বিদায়ী জেলা প্রশাসক শাহআলম এই র‍্যালীর নেতৃত্ব দিয়াছেন। র‍্যালীতে ৫ শতাধিক শিশু-কিশোর ও শিক্ষক-শিক্ষিকা অংশগ্রহণ করিয়াছে। তাহারা বিভিন্ন প্লেকার্ড, ব্যানার ও ফেষ্টুন বহন করিয়াছে।

র‍্যালী শেষে পৌরসভা মিলনায়তনে এক সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হইয়াছে।

আলোচনা সভাশেষে শিশু-কিশোরেরা জারীগানসহ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করিয়াছে।